[illegible]

[illegible]

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 30 Jan 2025

**Application Deadline:** 24 Feb 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা।
**প্রশাসন শাখা।**

স্মারক নম্বর-৪৪.০১.০০০০.০৮৪.১১.০২৫.৮৫.২২৪

তারিখ: ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৫ খ্রি.

# পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, রাজারবাগ, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ০৩ (তিন) ক্যাটাগরির মোট ১৬ (ষোল) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://sbdhaka.teletalk.com.bd বা https://www.specialbranch.gov.bd ) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১১তম)<br>বেতন স্কেল: ১২,৫০০-৩০,২৩০/- | অন্যূন ৩২ বছর | ০২ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test- এ উত্তীর্ণ হতে হবে। |
| ২. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩তম)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | অন্যূন ৩২ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০৫ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ৩০ শব্দ এবং ইংরেজিতে ২৫ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৩. | দপ্তরী<br>(গ্রেড-২০তম)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | অন্যূন ৩২ বছর | ০৯ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**বিঃ দ্রঃ গত ২২ এপিল ২০২৪ তারিখের ০১/২০২৪ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক, যারা ইতঃপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

**শর্তাবলীঃ**

১. **আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

(ক) ০১-০১-২০২৫ তারিখে আবেদনকারীর ন্যুনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩২ বৎসর:, বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় (√) এর ঘরে টিক চিহ্ন দিতে হবে।

গ) সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ) লিখিত, ব্যবহারিক (প্রয্যেজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ) কম্পিউটার অপারেটর, সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

২. প্রার্থীর যোগ্যতা যাচাই;
মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ)

খ) প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর স্থায়ী বাসিন্দা, সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের সনদ।

গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ।

ঘ) জাতীয় পরিচয়পত্র (NID)।

ঙ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও (Admit Card)

চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন অনুযায়ী বীর মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য ৫% কোটায় আবেদনকারীকে প্রমাণক হিসেবে (সংশ্লিষ্ট বীরমুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখ পূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

ছ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন অনুযায়ী ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ১%, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১% কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

জ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

ঝ) **আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ** করতে হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল বা মিথ্যা প্রামাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন, কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৪. সরকারি নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৫. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়া স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটেও https://www.specialbranch.gov.bd প্রকাশ করা হবে। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (https://www.specialbranch.gov.bd বা http://sbdhaka.teletalk.com.bd) দেখা যাবে অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল অথবা https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৬. অনলাইনে (Online) আবেদনের সময়সীমা ও পদ্ধতি নিম্নরূপ:
পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে https://www.specialbranch.gov.bd অথবা http://sbdhaka.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে।

আবেদনের সময়সীমা:

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময় ( ০২-০২-২০২৫) খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় (২৪-০২-২০২৫) বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকার ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর টেলিটক পোর্টালের QR Code

২৮.০১.২৫

আব্দুল্লাহ আল জহির, বিপিএম-সেবা, পিপিএম-বার
বিপি-৭৬০৫১০৪৬০২
বিশেষ পুলিশ সুপার (প্রশাসন)
অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি, এসবি।

স-১৭৯ (১৫×৪)